**SATISH CHANDRA MEMORIAL SCHOOL**

PRACTICE TEST (2024-25)

CLASS VII

**BENGALI**

Time Allowed: **40** Minutes　　　　　　　　　　Maximum Marks: **16**

---

## সাহিত্য

**১. নিচের প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও:**

(ক) 'শহরে ১৪৪ ধারা আর কারফিউ অর্ডার জারি হয়েছে।' - শহরে ১৪৪ ধারা জারি হলে কী কী বিধিনিষেধ আরোপ করা হয় তা সংক্ষেপে লেখো। (৩)

(খ) 'তোমাকে পদ্য লিখতে হইবে।' - আলোচ্য অংশে কোন্ ছন্দে পদ্য লেখার কথা বলা হয়েছে? সেই ছন্দ সম্পর্কে তুমি যা জানো লেখো। (১+২)

(গ) 'দাঙ্গা বেধেছে হিন্দু আর মুসলমানে।' - 'দাঙ্গা' কেন বাধে বলে তোমার মনে হয়? (২)

(ঘ) 'প্রথম কবিতা লেখা' গল্পে ব্যবহৃত আইন আদালত সম্পর্কিত একটি শব্দের উল্লেখ করো। সেখানে কে জিতেছিল? (১+১)

## ব্যাকরণ

**২. নিচে দেওয়া প্রশ্নটির সঠিক উত্তরটি নির্বাচন করো।** (১)

(i) **১ম মন্তব্য:** বাংলায় সংখ্যাবাচক শব্দগুলি বিশেষণরূপে ব্যবহৃত হলেও তাদের পরিবর্তন ঘটে না।

**২য় মন্তব্য:** সংখ্যাবাচক শব্দ অর্থাৎ বিশেষণ পদ অনেক সময় বিশেষ্য পদ রূপেও ব্যবহৃত হয়।

(a) ১ম ও ২য় মন্তব্যই সঠিক।

(b) ১ম ও ২য় দুটি মন্তব্যই ভুল।

(c) ১ম মন্তব্য সঠিক কিন্তু ২য় মন্তব্য ভুল।

(d) ১ম মন্তব্য ভুল কিন্তু ২য় মন্তব্য সঠিক।

(ii) স্থূলাক্ষর শব্দটির বিপরীতার্থক শব্দ দ্বারা শূন্যস্থান পূরণ করো।(১)

তুমি এত **গর্বিত** কেন, __________ হও।

(iii) বন্ধনীর মধ্যেকার অংশটির কোন্ শব্দটি বাক্যটির ক্ষেত্রে প্রযোজ্য।(১)

নদীগুলির মধ্যে গঙ্গা শ্রেষ্ঠ (তর / তম)।

(iv) বাক্য দ্বারা শব্দগুলির অর্থগত পার্থক্য লেখো : (১)

শরণ -

স্মরণ -

(v) রাত দুপুরে (বিড়ালের ডাক) অমঙ্গলের চিহ্ন।

--বন্ধনীর মধ্যস্থ বাক্যাংশকে এককথায় প্রকাশ করে বাক্যটি পুনরায় লেখো।(১)

(vi) নিম্নলিখিত বাক্যের ভুল সংশোধন করে সঠিকভাবে লেখো।(১)

রাম ও রহিমের মধ্যে রাম উচ্চতম।